33

দৈনিক বাংলা

তারিখ ... 27 MAY 1995 ...
পৃষ্ঠা ... ৪ কলাম ... ৬ ...

গ্রামের স্কুল শিক্ষা বিষয়ক সেমিনার

# শিক্ষাদান পদ্ধতির পরিবর্তন দরকার

**স্টাফ রিপোর্টার ঃ** 'বাংলাদেশের গ্রামের স্কুল শিক্ষা বিষয়ক' এক সেমিনারে বক্তারা সনাতন শিক্ষাদান পদ্ধতি পরিবর্তন করে গ্রামের স্কুলগুলিতে আধুনিক ও বিজ্ঞানসম্মত শিক্ষাদান পদ্ধতি চালু করার উপর গুরুত্ব আরোপ করেছেন।

বৃহস্পতিবার সেন্টার ফর ডেভলপমেন্ট রিসার্চ বাংলাদেশ (সিডিআরবি)-এর উদ্যোগে আমেরিকান ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ (এআইবিএস)-এর সহযোগিতায় এই সেমিনার অনুষ্ঠিত হয়।

ধানমন্ডি উইমেন্স ভলান্টারী এসোসিয়েশন মিলনায়তনে ভিলেজ স্কুলস ইন বাংলাদেশঃ কট বিটুইন ট্রাডিশন এন্ড চেঞ্জ। শীর্ষক এই সেমিনারে সিডিআরবি'র চেয়ারম্যান ডঃ মীজানুর রহমান শেলী সভাপতিত্ব করেন।

সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন ডঃ শারমিন এস খান। অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন ডঃ সৈয়দ আনোয়ার হোসেন, বাংলাদেশ নন ফর্মাল প্রাইমারী এডুকেশন প্রজেক্টের পরিচালক নূরুদ্দিন এম কামাল, ডঃ কাজী আনোয়ারা মনসুর, এআইবিএস- এর সিনিয়র রিচার্স ফেলো ডঃ জ্যাক বার্গো, মোহাম্মদ এনায়েত করিম প্রমুখ।

মূল প্রবন্ধে ডঃ শারমিন এস খান বলেন, অত্যন্ত নিবিড়ভাবে শ্রেণী কক্ষের আচার-আচরণ পরীক্ষা করে দেখা গেছে যে সরকারী স্কুলে শিক্ষকদের শিক্ষাদান কৌশল জ্ঞানের নতুন দিগন্ত উন্মোচনের চেয়ে রক্ষণশীলতাকেই বেশী উৎসাহিত করে। তিনি এই ব্যাপারে ব্র্যাকের স্কুলগুলির শিক্ষাদান পদ্ধতির প্রশংসা করেন।

দেশের স্কুল শিক্ষা পদ্ধতির উন্নয়নের জন্য তিনি আকর্ষণীয় পদ্ধতিতে শিক্ষাদান, শিক্ষাকে শুধু সাক্ষরতা প্রদানের মধ্যে সীমাবদ্ধ না রাখা, শিক্ষক প্রশিক্ষণের ব্যবস্থা ও অভিভাবকদের স্কুলের কর্মকান্ডের সঙ্গে জড়িত করাসহ ৬ দফা সুপারিশ পেশ করেন।